[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

আলমডাঙ্গায় ২’শ গ্রাম গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

আলমডাঙ্গার পাইকপাড়া ক্যাম্প পুলিশের অভিযানে ২’শ গ্রাম গাঁজাসহ ডাবলু হক নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

আজ রবিবার সকালে উপজেলার চর-শ্রীরামপুর গ্রামে এ অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

আটক ডাবলু হক (৪৪) উপজেলার কালিদাসপুর ইউনিয়নের চর-শ্রীরামপুর গ্রামের মৃত মোশারফ মন্ডলের ছেলে।

পুলিশ জানান, গতকাল রবিবার সকালে গোপন সংবাদ আসে চর-শ্রীরামপুর এলাকায় মাদক দ্রব্য গাঁজা বিক্রির জন্য একজন অবস্থান করছে। এমন সংবাদের ভিত্তিতে পাইকপাড়া ক্যাম্প পুলিশ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। এসময় সন্দেহজনক ভাবে ডাবলু হককে আটক করে পুলিশ। তাঁর স্বীকারোক্তিতে কাছে থাকা ২’শ গ্রাম গাঁজা উদ্ধার করে পুলিশ।

এঘটনায় আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক (ওসি) শেখ গণি মিয়া জানান, একজনকে ২’শ গ্রাম গাঁজাসহ আটক করা হয়েছে। তাঁর বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা রুজু করা হয়েছে।

চুয়াডাঙ্গায় আন্তজেলা অজ্ঞান পার্টির সক্রিয় ৬ সদস্য আটক

চুয়াডাঙ্গার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে আন্তজেলা অজ্ঞান পার্টির সক্রিয় ৬ সদস্যকে আটক করতে সক্ষম হয়েছে পুলিশ। এসময় পুলিশ তাদের কাছ থেকে চেতনা নাশক ঔষধ উদ্ধার করেছে।

আটককৃত আন্ত জেলা অজ্ঞান পার্টির ৬ হলো; জেলার জীবননগরের সন্তোষপুর গ্রামের মৃত: ইসমাইলের ছেলে ইব্রাহিম ওরফে ইব্রা

(৫০), একই উপজেলার মৃগমারী গ্রামের নওশাদ মন্ডলের ছেলে আব্দুর রাজ্জাক (৪৭), দামুড়হুদা উপজেলার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের মৃত: রইচ উদ্দিনের ছেলে সালামত (৫৫), বড় দুধ পাতিলা গ্রামের মৃত: গোলাপ মন্ডলের ছেলে হাসেম আলী (৪৮), চুয়াডাঙ্গা সদর উপজেলার বোয়ালমারি গ্রামের বিল্লাল হোসেনের ছেলে শাহাবুদ্দিন ওরফে সুখচান (৩০) ও বাগেরহাট জেলার শরনখোলা উপজেলার রাজাপুর গ্রামের মৃত: কাশেম মাঝির ছেলে বাচ্চু মাঝি। তাদের দখল থেকে উদ্ধার হয়েছে চেতনাশক ওষুধ সামগ্রী।

এ বিষয়ে আজ শনিবার দুপুরে চুয়াডাঙ্গা পুলিশ সুপার কার্যালয়ে এক প্রেস ব্রিফিং আয়োজন করেন পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান।

প্রেস ব্রিফিং এ জেলা পুলিশের পক্ষে অতিরিক্ত পুলিশ সুপার নাজিম উদ্দিন (ক্রাইম এন্ড অপস) লিখিত বক্তব্যে জানান, চুয়াডাঙ্গা জেলায় রয়েছে ঐতিহ্যবাহী দ◌ামুড়হুদার ডুগডুগি, জীবননগরের শিয়ালমারি পশু হাট সহ মোট ১১টি পশুর হাট। কোরবানির ঈদকে সামনে রেখে জেলার দামুড়হুদা উপজেলার ডুগডুগি, জীবননগরের শিয়ালমারি, আলমডাঙ্গার মুন্সিগঞ্জ, সদরের সরোজগঞ্জ পশুর হাট গুলো জমজমাট হয়ে ওঠে। পশু হাট গুলো শুরু হওয়ার সাথে সাথেই প্রায় প্রতি বছরই অজ্ঞান পার্টি ও মলম পার্টি প্রতারণা সহ বিভিন্ন ধরনের অপরাধমূলক কার্যক্রম দৌরাত্ম বেড়ে যায়।

এছাড়াও পরিবহনগুলোতেও বাসের যাত্রীবেশী অজ্ঞান পার্টির সদস্যরা টার্গেট করে সাধারণ যাত্রীদের অজ্ঞান করে তাদের কাছ থেকে নগদ টাকাসহ মূল্যবান সামগ্রী ছিনিয়ে নেওয়ার সংবাদও কম নয়।

জেলায় এসব পশুহাটে ও হাটে আসার পথে গত ১৬ই মে ফরিদপুরের ইউনুস শেখ জীবননগরের শিয়ালমারি হাটে, ২৩ শে মে জীবননগর কালীগঞ্জ সড়কের পশু হাসপাতালের সামনে সানোয়ার হোসেন (৪৫), ৩০ শে মে আলমডাঙ্গা শমসের আলী শিয়ালমারি হাটে অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে। সর্বশেষ অজ্ঞান পার্টির সদস্যরা ৩ জুন দামুড়হুদার ডুগডুগির হাটে নোয়াখালীর জসিম উদ্দিনকে টার্গেট করে চেতনা নাশক পুষ করে সর্বস্ব ছিনিয়ে নেওয়ার চেষ্টায় হাতে নাতে বাগেরহাটের বাচ্চু মাঝি নামের একজন গ্রেপ্তার হয়। এই ঘটনায় চুয়াডাঙ্গার দামুড়হুদা থানার মামলা দায়ের করা হয়। মামলা নম্বর ০৪ তারিখ ০৩/০৬/২০২৪।

এসব ঘটনার পর চুয়াডাঙ্গা সদর থানা, জীবননগর থানা, দর্শনা থানা ও দামুড়হুদা থানা সহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের একাধিক টিম অভিযান

পরিচালনা করতে থাকে এবং তাদেরকে হাতেনাতে গ্রেফতার এর উদ্দেশ্যে কৌশলে ফাঁদ পাতা হয়। এই ফাঁদে আটকা পড়ে অজ্ঞান পার্টির সক্রিয় সদস্য জেলার জীবননগরের সন্তোষপুর গ্রামে ইব্রাহিম ওরফে ইব্রা, আব্দুর রাজ্জাক, সালামত, শাহাবুদ্দিন ওরফে সুখচান, বাচ্চু মাঝি ও হাসেম আলী। আটকের সময় তাদের দখল থেকে উদ্ধার হয় চেতনাশক ওষুধ সামগ্রী।

এখন পর্যন্ত চুয়াডাঙ্গা জেলা পুলিশ এই আন্ত:জেলা অজ্ঞান পার্টি চক্রের ৬ সদস্যকে গ্রেপ্তার করতে সক্ষম হয়েছে। এটা একটা সংঘবদ্ধ চক্র। গ্রেপ্তারকৃত আসামিদের বিরুদ্ধে টার্গেট ভিকটিম কে চেতনা নাশক প্রয়োগ করে সর্বস্ব ছিনিয়ে নেওয়ার অভিযোগে একাধিক মামলা রয়েছে। তদন্তকালে আমরা এই চক্রের বেশ কিছু নাম পেয়েছি তাদের চলমান কার্যক্রম মনিটর করা হচ্ছে। এই চক্রের সকল সদস্যকে আইনের আওতায় আনার জন্য সুষ্ঠ তদন্ত এবং গ্রেপ্তার অভিযান চলবে। জনগণের জান-মাল রক্ষায় চুয়াডাঙ্গা জেলা পুলিশ সর্বদা আপনাদের পাশে রয়েছে।

এমপি আনার হত্যায় জড়িত সন্দেহেভাজন আওয়ামী লীগ নেতা আটক

ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার হত্যার ঘটনায় সন্দেহভাজন এক আওয়ামী লীগ নেতা কাজী কামাল আহম্মেদ বাবু ওরফে গ্যাস বাবুকে আটক করেছে গোয়েন্দা সংস্থা (ডিবি) পুলিশ।

গত বৃহস্পতিবার (৬ জুন) রাতে ঝিনাইদহ শহরের আদর্শপাড়া এলাকা থেকে ঢাকার ডিবি পুলিশের একটি দল তাকে আটক করে। আটক কৃতএই বাবু ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক।

ধারণা করা হচ্ছে, এমপি আনোয়ারুল আজীম আনার হত্যার অন্যতম আসামি শিমুল ভূঁইয়ার নিকট আত্মীয় বাবু। আনার হত্যা কাণ্ডে তার কাছ থেকে কোনো তথ্য পাওয়া যেতে পারে।

ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. শাহীন উদ্দিন জানান, রাতে ঢাকা থেকে থেকে ডিবি পুলিশ ঝিনাইদহে এসেছিল। তারা বাবুকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করে নিয়ে গেছে। তবে কোন মামলায় গেছে আমি তা নিশ্চিত বলতে পারছি না।

উল্লেখ, গত ১২ মে পরিবারকে চিকিৎসার কথা বলে ঝিনাইদহের কালীগঞ্জ থেকে চুয়াডাঙ্গার দর্শনা সীমান্ড হয়ে ভারতে যান এমপি আনোয়ারুল আজীম আনার। ওঠেন পশ্চিমবঙ্গে বরাহনগর থানার মণ্ডলপাডা লেনে গোপাল বিশ্বাস নামে এক বন্ধুর বাড়িতে। পরদিন ডাক্তার দেখানোর কথা বলে বাড়ি থেকে বের হন। এরপর থেকেই রহস্যজনকভাবে নিখোঁজ হন এ সংসদ সদস্য। নিখোঁজের প্রায ১০ দিন পর গত বুধবার ২২ মে আনার হত্যার বিষযটি সামনে আসে।

এই হত্যাকান্ড নিয়ে বিভিন্ন সময় বিভ্রান্তিকর তথ্য আসছে। এরই মধ্যে আনার হত্যাকাণ্ডে জড়িত সন্দেহে বাংলাদেশে গ্রেপ্তার তিন আসামি শিমুল ভূঁইযা ওরফে আমানুল্লাহ, তানভীর ভূঁইয়া ও শিলাস্তি রহমানকে জিজ্ঞাসাবাদ করে বেশ কিছু চাঞ্চল্যকর তথ্য পায় ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। এর ভিত্তিতে হত্যা-রহস্য উদঘাটন ও ভারতের তদন্ত দলকে সহায়তার জন্য ২৬ মে প্রতিনিধি দল নিয়ে কলকাতায় যান ডিবিপ্রধান মোহাম্মদ হারুন অর রশীদ।

গাংনীর গাড়াবাড়ীয়াতে হেরোইনসহ দুই মাদক ব্যবসায়ী আটক

গাংনীর গাড়াবাড়ীয়া হলদেপাড়ায় ৬ গ্রাম হেরোইনসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে ধলা পুলিশ ক্যাম্প।

আটকের বিষয়টি নিশ্চিত করেছেন ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) আশরাফুল ইসলাম।

গতকাল শনিবার দুপুরে গাড়াবাড়ীয়া হলদেপাড়াতে ধলা পুলিশ

ক্যাম্পের ইনচার্জ (এসআই) আশরাফুল ইসলামের নেতৃত্বে, এ এস আই অমল চন্দ্র মন্ডল ও এ এস আই শামছুর রহমান সঙ্গিও ফোর্সসহ অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।আটক কৃতরা হলেন, মোঃ কাজেম আলীর ছেলে মমিন ইসলাম (১৯) ও মোঃ আইয়ুব আলীর ছেলে বাদশা মিয়া (২৬) কে ৬ গ্রাম হেরোইন সহ আটক করা হয়।

তারা দুজনেই চিহ্নিত মাদক ব্যবসায়ী বলে জানিয়েছে পুলিশ। পুলিশ জানায়, প্রকাশ্যে হেরোইন বিক্রি করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয়। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টাকালে তাদের দুজনকে আটক করে, দেহ তল্লাশি করে ৬ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) আশরাফুল ইসলাম জানান, মাদক বিক্রির সময় হাতে নাতে তাদের আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে গাংনী থানাতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে ৮৫ পিস ইয়াবাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপেুরর গাংনী উপজেলার আলীনগর এমএমবি ইটভাটার পাশে অভিযান চালিয়ে ৮৫ পিস ইয়াবা ট্যাবলেটসহ সাহেদ আলী (২৮) নামের এক মাদক ব্যবসােয়িক আটক করেছে র্যাব।

মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে মেহেরপুর র্যাব ক্যাম্পের কোম্পানী কমান্ডার এএসপি মো: মনিরুজ্জামানের নেতৃত্বে র্যাবের একটি দল অভিযান পরিচালনা করেন।

আটক সাহেদ আলী আলিনগর গ্রামের সুলতান হকের ছেলে।

র্যাব কোম্পানী কমাণ্ডার এএসপি মনিরুজ্জামান জানান, আইন শৃঙ্খলা বাহিনীর চোখ ফাঁকি দিয়ে সাহেদ আলী দির্ঘদিন ধরে মাদকের ব্যবসা করে আসছে বলে তাদের কাছে তথ্য আছে। গোপন সংবাদের ভিত্তিতে

অভিযান চালিয়ে তাকে আটক করতে সক্ষম হয় র্যাব। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে গাংনী থানা সোপর্দ করা হয়েছে।

ঝিনাইদহে ১০ কেজি গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহে ১০ কেজি গাঁজাসহ সোহেল রানা নামের ১ মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

গতকাল সোমবার (২২ এপ্রিল) বিকেলে শহরের বাইপাস এলাকা থেকে তাকে আটক করা হয়। মাদক ব্যবসায়ী সোহেল রানা ঝিনাইদহ জেলার মাধবপুর গ্রামের আব্দুর রব মোল্লার ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি শাহীন উদ্দিন জানান, গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ জানতে পারে মাদকের একটি চালান রাঙ্গামাটি থেকে ঝিনাইদহ শহরে প্রবেশ করছে। এমন সংবাদের ভিত্তিতে পুলিশ বাইপাস সড়কের ঘোষপাড়ায় চেকপোস্ট বসিয়ে সোহেল রানা নামের একজনকে আটক করে। তার কাছে থাকা একটি প্লাস্টিকের বস্তা তল্লাশী করে ২০ টি গাঁজার রোল উদ্ধার করে। উদ্ধারকৃত গাঁজার ওজন ১০ কেজি। এ ঘটনায় সদর থানায় মাদক আইনে মামলা দায়ের করা হয়েছে।

গাংনীতে ১২০ বোতল ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ী আটক

১২০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

আটকরা হলেন, মেহেরপুরের গাংনী উপজেলার নওপাড়া গ্রামের মৃত পিয়ার আলীর ছেলে মোহাম্মদ জিয়ারুল ইসলাম (৪৮) ও একই গ্রামের মৃত সোহরাব হোসেনের ছেলে মোঃ হযরত আলী (৪৬)।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: সাইফুল আলম এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে ডিবি পুলিশের একটি টিম গতকাল শুক্রবার দিবাগত মধ্যরাতে গাংনী উপজেলার ধলা গ্রামের বীলপাড়া এলাকার অভিযান শুরু করে। এসময় বস্তাভর্তি ফেনসিডিল নিয়ে ওই দুই মাদক ব্যবসায়ী যাচ্ছিলেন। এসময় ডিবি পুলিশ দেখে ফেনসিডিল ফেলে পালানোর চেষ্টা করছিলো তারা। ডিবি পুলিশ তাদের আটক করে।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় ডিবি পুলিশের পক্ষ থেকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটিরনিয়মিত মামলা দায়ের করা হয়েছে। এছাড়া ফেনসিডিল ও আসামিদের হস্তান্তর করা হয়েছে।